

# ষুণাত্ম

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১১:২৮ এএম

শিক্ষান্তর

## রাজশাহী বোর্ডে ৭ বছরের মধ্যে সর্বনিম্ন ফলাফল



রাজশাহী বুরো

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ০৩:১২ পিএম



ছবি: সংগৃহীত

চলতি বছরের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় রাজশাহী শিক্ষাবোর্ডে ৫৯ দশমিক ৪০ শতাংশ পরীক্ষার্থী পাশ করেছে। এছাড়াও জিপিএ-৫ পেয়েছে ১০ হাজার ১৩৭ জন পরীক্ষার্থী।

বৃহস্পতিবার (১৬ অক্টোবর) সকালে রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আ.ন.ম মোফাখখারুল ইসলাম এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান।

রাজশাহী বোর্ড চেয়ারম্যান আরও বলেন, গত বছরের তুলনায় চলতি বছর এইচএসসিতে ১১ দশমিক ৮৪ ভাগ পরীক্ষার্থী কম পাশ করেছে। গত বছর বোর্ডে পাশের হার ছিল ৮১ দশমিক ২৪ শতাংশ। গত বছর জিপিএ-৫ পেয়েছিলেন ২৪ হাজার ৯০২ পরীক্ষার্থী। অর্থাৎ এ বছর জিপিএ-৫ কমেছে ১৪ হাজার ৭৬৫ জন। রাজশাহী বোর্ডের এবারের ফলাফল কিছুটা হতাশাজনক।

### দিনাজপুরের ৪৩ কলেজে পাশ করেনি কেউ

এছাড়া চলতি বছরে ৫৬ হাজার ৪০৯ জন পরীক্ষার্থী ফেল করেছে। এই সংখ্যাটাও অনেক বেশি, যা প্রত্যাশার বাইরে।

তিনি আরও বলেন, এবছর জিপিএ-৫ পাওয়াদের মধ্যে ৫ হাজার ৬৮২ জন ছাত্রী ও ৪ হাজার ৪৫৫ জন ছাত্র। আর ছাত্র পাসের হার ৫০

দশমিক ৬৯ শতাংশ ও ছাত্রী পাসের হার ৬৮ দশমিক ৬৯ শতাংশ। সেক্ষেত্রে জিপিএ-৫ পাওয়া ও পাশের হারে এবছরও এগিয়ে রয়েছে মেয়েরা।

অন্যদিকে চলতি বছরের এইচএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষা বোর্ডের অধীন বিভাগের আট জেলায় ১ লাখ ৩৪ হাজার ১৪৩ জন পরীক্ষার্থী অংশ নিয়েছিলেন। এর মধ্যে ৭৭ হাজার ৭৪২ জন পরীক্ষার্থী পাশ করেছেন।

### পাশের হারে এগিয়ে ঢাকা বোর্ড, পিছিয়ে কুমিল্লা

জানা গেছে গত সাত বছরের মধ্যে চলতি বছরেই এইচএসসিতে সবচেয়ে কম পরীক্ষার্থী পাশ করেছে এবং অকৃতকার্য পরীক্ষার্থীর সংখ্যাও বেশি ।